



বিকেএসপি সাপ্তাহিক তথ্য প্রবাহ (২২/০১/২০২৪ - ২৯/০১/২০২৪)



ডি-নথি বিষয়ক প্রশিক্ষণের উদ্বোধন

বিকেএসপির মহাপরিচালক
ব্রিগেডিয়ার জেনারেল সৈয়দ মোঃ মোতাহের হোসেন,
এনডিসি, পিএসসি প্রশিক্ষণ শাখার প্রশিক্ষকগণের
অংশগ্রহণে অফিস ব্যবস্থাপনায় ডি-নথির ব্যবহার বিষয়ক
এক প্রশিক্ষণ কর্মশালার শুভ উদ্বোধন করেন।



পাঠ্যপুস্তক উৎসব-২০২৪

বিকেএসপিতে আজ (২৩ জানুয়ারি)
প্রশিক্ষার্থীদের হাতে ২০২৪ সালের
নতুন বছরের পাঠ্যপুস্তক তুলে দেন
মহাপরিচালক ব্রি. জে. সৈয়দ মোঃ
মোতাহের হোসেন।



মহাপরিচালক মহোদয়ের ক্রীড়া কলেজ পরিদর্শন

২৩ জানুয়ারি, মহাপরিচালক মহোদয় কলেজ শাখা পরিদর্শন করেন। তিনি কলেজের
শিক্ষকদের সাথে পরিচিত হন। এ সময় কলেজের অধ্যক্ষ পাওয়ার পয়েন্ট
প্রেজেন্টেশনের মাধ্যমে কলেজের সকল কর্মকাণ্ড তুলে ধরেন। মহাপরিচালক
কলেজের চলমান কর্মকাণ্ডে সম্ভাষণ প্রকাশ করেন এবং সামনের দিন গুলোতে শিক্ষা
ও প্রশিক্ষণ কার্যক্রমে সমন্বয় মাধ্যমে এক সাথে কাজ করার আহ্বান জানান।





মহাপরিচালক মহোদয়ের লাইব্রেরি ও মুজিব
কর্নার পরিদর্শন



ছাত্র হোস্টেল পরিদর্শন

২৩ জানুয়ারি, মহাপরিচালক মহোদয় ছাত্র
হোস্টেল, ডাইনিং, টিভি রুম ও খাদ্য মেস
পরিদর্শন করেন।



২৩ জানুয়ারি ২০২৪
কলেজ শাখার শিক্ষকগণের
অংশগ্রহণে
ডি-নথি সম্পর্কিত প্রশিক্ষণ



বিকেএসপিতে সেনাবাহিনীর কমান্ডো সিলেকশন টেস্ট অনুষ্ঠিত

গত ২৫ জানুয়ারি, বিকেএসপিতে ক্রীড়াবিজ্ঞান বিভাগের তত্ত্বাবধানে বাংলাদেশ সেনাবাহিনীর আর্মি কমান্ডো সিলেকশন পরীক্ষা অনুষ্ঠিত হয়। আগ্রহী সেনা সদস্যদের ফিজিক্যাল ফিটনেস টেস্ট, এক্সারসাইজ ফিজিওলজিক্যাল টেস্ট, সাইকোলজিক্যাল টেস্ট ও বায়োমেকানিক্স টেস্ট শেষে একটি মূল্যায়ন প্রতিবেদন প্রদান করা হয়। এই প্রতিবেদনের ভিত্তিতে কমান্ডো ট্রেনিং এর জন্য সেনা সদস্যদের নির্বাচিত করা হয়।



সৌজন্য সাক্ষাৎ

২৮ জানুয়ারি, বিকেএসপির সাবেক ছাত্রদের সংগঠন অ্যালামনাই এ্যাসোসিয়েশনের কয়েকজন প্রতিনিধি নবাগত মহাপরিচালক মহোদয়ের সাথে সৌজন্য সাক্ষাৎ করেন।



সৌজন্য সাক্ষাৎ

২৮ জানুয়ারি, বিকেএসপির মহাপরিচালক মহোদয়কে শুভেচ্ছা উপহার তুলে দিচ্ছেন ধানমন্ডি এক্সেল একাডেমির অধ্যক্ষ



এক্সেল একাডেমী স্কুল, ধানমন্ডি এর অধ্যক্ষ কর্তৃক বিকেএসপি'র মহাপরিচালক মহোদয়কে শুভেচ্ছা বিনিময়। তারিখ: ২৮/০১/২০২৪

বাইসাইকেল বিতরণ

২৮ জানুয়ারি, মহাপরিচালক বিকেএসপির নির্মাণ শাখায় জরুরী কাজে কর্মরত কর্মচারীদের মাঝে বাইসাইকেল বিতরণ করেন



বিকেএসপি'র নির্মাণ শাখায় নিয়োজিত বিভিন্ন পর্যায়ের কর্মচারীদের মহাপরিচালক মহোদয় কর্তৃক বাইসাইকেল বিতরণ। তারিখ: ২৮/০১/২০২৪

সমন্বয় সভা

২৯ জানুয়ারি, বিকেএসপির নবাগত মহাপরিচালক ব্রিগেডিয়ার জেনারেল সৈয়দ মোঃ মোতাহের হোসেন প্রথমবারের মত বিকেএসপির উর্ধ্বতন কর্মকর্তাগণদের সাথে দিনব্যাপি সমন্বয় সভায় সভাপতিত্ব করেন। সভায় ঢাকা বিকেএসপির উর্ধ্বতন কর্মকর্তাগণ ছাড়াও আঞ্চলিক বিকেএসপির উপ-পরিচালকগণরাও উপস্থিত ছিলেন। সভায় মহাপরিচালক অনেকগুলো গুরুত্বপূর্ণ বিষয় নিয়ে আলোকপাত করেন এবং সকলকে সমন্বয়ের মাধ্যমে একসাথে কাজ করার আহবান জানান।

